



ড. মো: আবদুস সালামকে (বাঁ থেকে তৃতীয়) ফ্রেমড প্রদান করছে বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ সফিউল আলম



হাইড্রোজেন ইকোনমি নিয়ে বক্তব্য রাখছেন ড. মো: আবদুস সালাম

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে হাইড্রোজেন ইকোনমি বিষয়ক সেমিনার

আলোচ্য বিষয়: Hydrogen Economy in Bangladesh: Phase-01

আলোচক: ড. মো. আবদুস সালাম, প্রজেক্ট ডিরেক্টর ও সিনিয়র সায়েন্টিফিক অফিসার, বিসিএসআইআর

Hydrogen Economy in Bangladesh: Phase-01 শীর্ষক এক সেমিনার এর আয়োজন করে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগ। সেমিনারটি অনুষ্ঠিত হয় গত ১৪ সেপ্টেম্বর-২০১৯, রোববার সকাল ১১টায় বিজ্ঞান অনুষদের ২য় গ্যালারিতে।

সেমিনারটির সভাপতিত্ব করেন বিভাগীয় প্রধান ড. সুমন গাঙ্গুলী এবং প্রধান বক্তা হিসেবে ছিলেন বিসিএসআইআর'র সিনিয়র সায়েন্টিফিক অফিসার ও হাইড্রোজেন এনার্জি ল্যাবরেটরি, চট্টগ্রামের প্রজেক্ট ডিরেক্টর ড. মো. আবদুস সালাম। সেমিনার উদ্বোধন করেন বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মোহাম্মদ সফিউল আলম এবং স্বাগত বক্তব্য দেন বিভাগের প্রতিষ্ঠাকালীন সভাপতি প্রফেসর ড. মো. হেলাল উদ্দীন।

প্রফেসর সফিউল বলেন, ফলিত রসায়ন বিভাগ একটি গুরুত্বপূর্ণ বিষয়ে সেমিনার আয়োজন করেছে। হাইড্রোজেন ইকোনমি বিষয়ে গবেষণা ও অবকাঠামো নির্মাণে এ ধরনের উদ্যোগ খুবই প্রশংসনীয়।

ড. আবদুস সালাম বলেন, হাইড্রোজেন ইকোনমি বর্তমান বিশ্বে একটি জনপ্রিয় বিষয়। নবায়নযোগ্য এ জ্বালানির জ্বালানি মান সাধারণ জ্বালানির চেয়ে তিনগুণ বেশি। জ্বালানি হিসেবে হাইড্রোজেন এর ব্যবহারের ফলে দূষণ সৃষ্টিকারী কোন পদার্থে নির্গমন হয় না, তাই ইহা একটি টেকসই ও পরিবেশ বান্ধব জ্বালানি। বাংলাদেশেও নবায়নযোগ্য জ্বালানি হিসেবে হাইড্রোজেন ইকোনমি বাস্তবায়ন প্রক্রিয়া চলমান।

বাংলাদেশে হাইড্রোজেন ইকোনমি বাস্তবায়নের প্রাথমিক ও যুগোপযোগী উদ্যোগ হিসেবে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীনে হাইড্রোজেন গবেষণাগার স্থাপন প্রকল্প হাতে নেওয়া হয়েছে। এর মাধ্যমে ভৌত অবকাঠামো নির্মাণসহ নবায়নযোগ্য জ্বালানিবিষয়ক গবেষণার মাধ্যমে দেশের অর্থনীতি আরো সমৃদ্ধ হবে।

সভাপতির বক্তব্যে ড. সুমন বলেন, হাইড্রোজেন ইকোনমি বর্তমান সময়ের একটি যুগোপযোগী পদক্ষেপ। এ বিষয়ে গবেষণায় সহযোগিতার জন্য বাংলাদেশ সরকারকে ধন্যবাদ জানাই। ভবিষ্যতে প্রয়োজনীয় সকল ক্ষেত্রে বিভাগ থেকে সহযোগিতার আশ্বাস দেন তিনি।

এ সময় সেমিনারে বিভাগের সহযোগী অধ্যাপক দিদারুল আলম চৌধুরী, আয়েশা আফরিন, ড. সুমন বড়ুয়া এবং প্রভাষক আমিনুল ইসলাম চৌধুরী উপস্থিত ছিলেন। শিক্ষক ছাড়াও বিভাগের শিক্ষার্থীরা আলোচনায় অংশ নেন। সেমিনার শেষে বিভাগের পক্ষ থেকে ড. আবদুস সালামকে ক্রেস্ট প্রদান করা হয়।